# বিএসসিপিএলসি-এর দ্বিতীয় বিশেষ সাধারণ সভার কার্যপত্র।

**আলোচ্যসূচি # ১ ॥ সরকারের নিকট হতে প্রাপ্ত ইক্যুইটি মানির বিপরীতে সাধারণ শেয়ার ইস্যুর প্রস্তাব অনুমোদন।**

ফাইনান্সিয়াল রির্পোটিং কাউন্সিল (এফআরসি) গত ১১ ফেব্রুয়ারি ২০২০খ্রি. তারিখে শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে "শেয়ার মূলধন খাতে প্রাপ্ত অর্থ যাহা শেয়ার মানি ডিপোজিট বা অন্য কোন নামকরণে মূলধন বা ইক্যুইটিতে অন্তর্ভুক্ত করা হইয়াছে, তাহা কোনভাবেই প্রত্যাহার বা ফেরত যোগ্য হইবে না; এই খাতে প্রাপ্ত অর্থ সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে আইনগতভাবে শেয়ার মূলধনে রূপান্তরিত করিতে হইবে; শেয়ার মূলধনে রূপান্তরের পূর্ব পর্যন্ত উক্ত তহবিল সম্ভাব্য শেয়ার মূলধন (Potential Share Capital) হিসেবে বিবেচিত হইবে এবং সেই মোতাবেক শেয়ার প্রতি আয় (ইপিএস) গণনায় অন্তর্ভুক্ত করিতে হইবে।" এ প্রেক্ষিতে বিএসসিপিএলসি একনেক কর্তৃক অনুমোদিত 'Regional Submarine Telecommunications Project, Bangladesh' (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বিএসসিপিএলসি সরকার হতে ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে ছয় কিস্তিতে সর্বমোট ১৬৬ কোটি টাকা ইক্যুইটি মানি হিসেবে প্রাপ্ত হয়। যার বিপরীতে এফআরসি'র উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক সরকারকে ইস্যুতব্য শেয়ারের ন্যায্য মূল্য সম্পর্কে মতামত প্রদান ও ইস্যু ব্যবস্থাপনার জন্য ইস্যু ম্যানেজার হিসেবে সরকারি সংস্থা আইসিএমএল-কে নিযুক্ত করা হয়। পরবর্তীতে আইসিএমএল-এর মতামত ও কোম্পানির অডিট কমিটির সুপারিশ বিবেচনায় নিয়ে পরিচালনা পর্ষদের ১৯৫তম সভায় **"একনেক কর্তৃক অনুমোদিত "Regional Submarine Telecommunications Project, Bangladesh" (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩ কিস্তিতে প্রাপ্ত ১৪০ কোটি টাকা ও ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩ কিস্তিতে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ ছয় কিস্তিতে সর্বমোট প্রাপ্ত ১৬৬ কোটি টাকা ইক্যুইটি মানির বিপরীতে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকার বিপরীতে ২০১৫-২০১৬ অর্থ বছরের শেষ কার্য দিবসে বিএসসিপিএলসি-এর শেয়ারের বাজার মূল্য বিবেচনায় প্রতিটি শেয়ার ১১০.২০ টাকা (প্রায়) দরে ১,২৭,০৪,১৭৪ টি এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত বাকী ২৬ কোটি টাকার বিপরীতে ২০১৬-২০১৭ অর্থ বছরের শেষ কার্য দিবসে বিএসসিপিএলসি-এর শেয়ারের বাজার মূল্য বিবেচনায় প্রতিটি শেয়ার ১২০.১০ টাকা (প্রায়) করে ২১,৬৪,৮৬৩টি সহ ১০ টাকা অভিহিত মূল্যের সর্বমোট ১,৪৮,৬৯,০৩৭টি সাধারণ শেয়ার সরকারের অনুকূলে ইস্যুর জন্য যথাক্রমে সরকারি মালিকানাধীন স্বতন্ত্র বিশেষজ্ঞ সংস্থা আইসিএমএল ও কোম্পানির অডিট কমিটির সুপারিশ অনুমোদিত হলো। পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে উল্লিখিত শেয়ার ইস্যুর মূল্য ও সংখ্যার বিষয়ে যথাক্রমে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় তথা ডাক ও টেলিযোগাযোগ বিভাগের, কোম্পানির শেয়ারহোল্ডারগণের সাধারণ সভার সিদ্ধান্ত ও বিএসইসি'র অনুমোদন গ্রহণ করতে হবে।"** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালনা পর্ষদের উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক শেয়ার ইস্যুর বিষয়ে সম্মতি জ্ঞাপনের নিমিত্ত ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং- ১৪.০০.০০০০.০০৯.১৮.০০৬.১৯.১০৩১, তাং- ২৩-০১-২০২২খ্রি. এর মাধ্যমে সম্মতি জ্ঞাপন করা হয়। উল্লিখিত শেয়ার ইস্যু প্রস্তাবনার বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মতি জ্ঞাপনের বিষয়টি কোম্পানির পরিচালনা পর্ষদের ১৯৬তম সভায় উপস্থাপন করা হলে **"ইক্যুইটি মানি হিসেবে প্রাপ্ত ১৬৬ কোটি টাকার বিপরীতে সরকারের অনুকূলে প্রদেয় শেয়ারের নির্ধারিত ইস্যুমূল্যের বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মতি পাওয়া গেলেও বিষয়টি অর্থ সংশ্লিষ্ট হওয়ায় এ ব্যাপারে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।"** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালনা পর্ষদের ১৯৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক উপর্যুক্ত প্রস্তাবনা অনুযায়ী সরকারের অনুকূলে শেয়ার ইস্যুর প্রস্তাব সম্পর্কে অর্থ বিভাগে সম্মতি গ্রহণের নিমিত্ত ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরণ করা হলে সম্প্রতি অর্থ বিভাগের পত্র নং- ০৭.০০.০০০০.১৪১.৯৯.০০৫.২২.৭৪, তাং- ২৮-০৮-২০২৩খ্রি. ও পরবর্তীতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং- ১৪.০০.০০০০.০০৯.০২.০০১.১৭.১৩৩২, তাং- ০৩-০৯-২০২৩খ্রি. এর মাধ্যমে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর সরকারি ইক্যুইটির (Govt. Equity) বিপরীতে শেয়ার ইস্যুকরণের বিষয়ে অর্থ বিভাগের সিদ্ধান্ত অবহিত করা হয় যা নিম্নরূপঃ

**''বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) 'Regional Submarine Telecommunications Project, Bangladesh' (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ সর্বমোট ১৬৬ কোটি টাকা সরকারি ইক্যুইটির বিপরীতে ৭৫ টাকা দরে সরকারের অনুকূলে সাধারণ শেয়ার ইস্যু করবে"।** তাছাড়া উক্ত পত্রদ্বয়ের মাধ্যমে বিএসসিপিএলসিকে অর্থ বিভাগের উপর্যুক্ত সিদ্ধান্ত অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা অর্থ বিভাগেকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, 'Regional Submarine Telecommunications Project, Bangladesh' (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ সর্বমোট ১৬৬ কোটি টাকা সরকারি ইক্যুইটির বিপরীতে প্রতিটি শেয়ার ৭৫ টাকা দরে (৬৫ টাকা অধিহারসহ) ১০ টাকা অভিহিত মূল্যের সর্বমোট ২,২১,৩৩,৩৩৩টি সাধারণ শেয়ার সরকার তথা সচিব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুকূলে ইস্যুর বিষয়টি অনুমোদনের নিমিত্ত কোম্পানির পরিচালনা পর্ষদের ২১৫তম সভায় উপস্থাপন করা হলে সভা হতে **''সরকারি ইক্যুইটির বিপরীতে শেয়ার ইস্যুর বিষয়ে অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০০০.১৪১.৯৯.০০৫.২২.৭৪, তাং- ২৮-০৮-২০২৩খ্রি. ও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং-১৪.০০.০০০০.০০৯.০২.০০১.১৭.১৩৩২, তাং- ০৩-০৯-২০২৩খ্রি. এর মাধ্যমে প্রদত্ত সম্মতি ও এতৎবিষয়ে কোম্পানির অডিট কমিটির প্রদত্ত সুপারিশ বিবেচনায় 'Regional Submarine Telecommunications Project, Bangladesh' (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ সর্বমোট ১৬৬ কোটি টাকা সরকারি ইক্যুইটির বিপরীতে প্রতিটি শেয়ার ৭৫ টাকা দরে (৬৫ টাকা অধিহারসহ) ১০ টাকা অভিহিত মূল্যের সর্বমোট ২,২১,৩৩,৩৩৩টি সাধারণ শেয়ার যথাক্রমে শেয়ারহোল্ডারগণের সাধারণ সভার সিদ্ধান্ত ও বিএসইসি'র অনুমোদনক্রমে সরকারের পক্ষে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুকূলে ইস্যুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।"** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালনা পর্ষদে গৃহীত উল্লিখিত সিদ্ধান্ত বিবেচনায় কোম্পানির ২য় বিশেষ সাধারণ সভায় নিম্নোক্ত প্রস্তাবনাটি অপরিবর্তিতভাবে অথবা প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন সহকারে বিশেষ সিদ্ধান্ত হিসেবে কোম্পানির শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদন করা যেতে পারে।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**" 'Regional Submarine Telecommunications Project, Bangladesh' (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ সর্বমোট ১৬৬ কোটি টাকা সরকারি ইক্যুইটির বিপরীতে প্রতিটি শেয়ার ৭৫ টাকা দরে (৬৫ টাকা অধিহারসহ) ১০ টাকা অভিহিত মূল্যের সর্বমোট ২,২১,৩৩,৩৩৩টি সাধারণ শেয়ার যথাক্রমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), স্টক এক্সচেঞ্জ-এর অনুমোদনক্রমে এবং প্রযোজ্য আইন ও বিধির বিধান পরিপালন সাপেক্ষে সরকারের পক্ষে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুকূলে ইস্যুর বিষয়ে উপস্থাপিত প্রস্তাবনাটি বিশেষ সিদ্ধান্ত হিসেবে গৃহীত হলো।"**

**আলোচ্যসূচি # ২ ॥ কোম্পানির সংঘ বিধির ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ সংক্রান্ত বিধি ১৪৮ এর বিধান পরিবর্তনের বিষয়ে অনুমোদন প্রদান প্রসঙ্গে।**

বিএসসিপিএলসি'র পরিচালনা পর্ষদের ২১৬তম সভায় বিএসসিপিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক পদের শূন্যতা পূরণ সংক্রান্ত আলোচ্যসূচির অধীনে ''বিএসসিপিএলসি-এর প্রয়োজনীয়তার নিরিখে কোম্পানির সংঘ বিধির প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হলো।" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিএসসিপিএলসি'র পত্র নং-১৪.৩৪.০০০০.৫০০.১৬.০০২.২১.৫২৫২,তাং-২৯-১১-২০২৩খ্রি. এর মাধ্যমে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক পদের শূন্যতা পরিচালনা পর্ষদ কর্তৃক পূরণকল্পে কোম্পানির সংঘ বিধির বিধি ১৪৮ এর 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994-The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be nominated by the Government which shall be approved and appointed by the Board of Directors.' স্থলে 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994- The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be appointed by the Board of Directors.' দ্বারা প্রতিস্থাপন করার বিষয়টি অনুমোদনের জন্য প্রস্তাব ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরণ করা হলে উক্ত বিভাগের পত্র নং- ১৪.০০.০০০০.০০৯.১৮.০০৬.১৯,১৪৫৩, তাং-০৫-১২-২০২৩খ্রি. এর মাধ্যমে কোম্পানির সংঘ বিধির বিধি ১৪৮ এর প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কে সম্মতি জ্ঞাপন করা হয়। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে কোম্পানি আইন ১৯৯৪ এর ধারা নং-২০ এর বিধান মোতাবেক বিশেষ সাধারণ

সভায় বিশেষ সিদ্ধান্ত হিসেবে কোম্পানির সংঘ বিধির বিধি ১৪৮ এর প্রস্তাবিত পরিবর্তন অনুমোদিত হওয়ার বাধ্যবাধকতা রয়েছে মর্মে অবহিত করা হলে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক **"ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্রের পরিপ্রেক্ষিতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ সংক্রান্ত কোম্পানির সংঘ বিধির বিদ্যমান বিধি#১৪৮ এর 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994-The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be nominated by the Government which shall be approved and appointed by the Board of Directors.' স্থলে 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994- The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be appointed by the Board of Directors.' দ্বারা প্রতিস্থাপনের বিষয়টি আসন্ন বিশেষ সাধারণ সভায় বিশেষ সিদ্ধান্ত হিসেবে কোম্পানির শেয়ারহোল্ডারগণের ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ এবং এ বিষয়ে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করতে হবে।"** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালনা পর্ষদে গৃহীত উল্লিখিত সিদ্ধান্ত বিবেচনায় কোম্পানির ২য় বিশেষ সাধারণ সভায় নিম্নোক্ত প্রস্তাবনাটি অপরিবর্তিতভাবে অথবা প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন সহকারে বিশেষ সিদ্ধান্ত হিসেবে কোম্পানির শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদন করা যেতে পারে।

**প্রস্তাবিত সিদ্ধান্তঃ**

**"কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ সংক্রান্ত কোম্পানির সংঘ বিধির বিদ্যমান বিধি#১৪৮ এর 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994-The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be nominated by the Government which shall be approved and appointed by the Board of Directors.' স্থলে 'Subject to the provisions of section 109 and 110 of The Companies Act, 1994- The Managing Director who will be the Chief Executive Officer of the company shall be appointed by the Board of Directors.' দ্বারা প্রতিস্থাপনের নিমিত্ত উপস্থাপিত প্রস্তাবনাটি বিশেষ সিদ্ধান্ত হিসেবে গৃহীত হলো।"**